

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ, ১৪২৮/৩১ মে, ২০২১

নং ৪০.০০.০০০০.০১৫.০৫.০১.১৭-৬১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আরএমজি
বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর এম জি-টিসিসি) গঠন সংক্রান্ত পূর্বে ঘোষিত ০২ আগস্ট,
২০১৭ তারিখের প্রজ্ঞাপন নং ৪০.০০.০০০০.০১৫.০৫.০০১.১৭-৮১১ রাহিত করিয়া সময় সময় শ্রম
পরিস্থিতি পর্যালোচনা ও উন্নয়নের লক্ষ্যে দেশের গার্মেন্টস শিল্প সেক্টরের জন্য সরকার, মালিক ও
শ্রমিক পক্ষীয় প্রতিনিধি সমন্বয়ে নিম্নরূপে আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর এম জি-
টিসিসি) পুনর্গঠন করিল :

সভাপতি :

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে মিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী।

সদস্য-সচিব :

উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

সরকার পক্ষ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নথে) :

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (শ্রম)/যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

(৯৩১৭)

মূল্য : টাকা ৮.০০

৮. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর।
৫. অতিরিক্ত আইজিপি, বাংলাদেশ শিল্পাঞ্চল পুলিশ।
৬. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
৭. বাণিজ্য মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
৮. বন্দু ও পাট মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি।
৯. পরবর্ষ মন্ত্রণালয়ের ন্যূনতম মহাপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

মালিক পক্ষ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথে) :

১. সভাপতি, বাংলাদেশ এমপ্লিয়ার্স ফেডারেশন।
২. সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ)।
৩. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিকেএমইএ)।
৪. সহ-সভাপতি (অর্থ), বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ)।
৫. প্রথম সহ-সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিকেএমইএ)।
৬. দ্বিতীয় সহ-সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিকেএমইএ)।
৭. জনাব আ.ন.ম সাইফুদ্দিন আহমদ, প্রতিনিধি, চট্টগ্রাম অঞ্চল, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন (বিজিএমইএ)।
৮. জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ এমপ্লিয়ার্স ফেডারেশন।

শ্রমিক পক্ষ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথে) :

১. জনাব নূর কুতুব আলম মান্নান, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় শ্রমিক লীগ।
২. জনাব মোঃ আলাউদ্দিন মিয়া, নির্বাহী সভাপতি, জাতীয় শ্রমিক লীগ।
৩. জনাব নাস্তমুল আহসান জুয়েল, জেনারেল সেক্রেটারি, জাতীয় শ্রমিক জোট।
৪. জনাব কামরুল আহসান, ওয়ার্কিং সভাপতি, জাতীয় শ্রমিক ফেডারেশন।
৫. চেয়ারম্যান, আইবিসি।
৬. সেক্রেটারি জেনারেল, আইবিসি।

৭. মিজ নাজমা আক্তার, সভাপতি, সম্মিলিত গার্মেন্টস শ্রমিক ফেডারেশন।
৮. জনাব সিরাজুল ইসলাম রনি, সভাপতি, বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক কর্মচারী লীগ।
- ০২। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর এম জি-টিসিসি) নিম্নলিখিত কার্য সম্পাদন করিবে :
- (ক) দেশের বিদ্যমান সম্পদ এবং সার্বিক আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করিয়া গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক স্থাপন ও সম্পর্ক উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করিতে সরকারকে পরামর্শ প্রদান;
 - (খ) গার্মেন্টস শিল্প সেক্টরের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যালোচনাপূর্বক সরকারকে অবহিত করা;
 - (গ) গার্মেন্টস শিল্প সেক্টরের শ্রম সংশ্লিষ্ট আইন, বিধি, নীতি ও পরিকল্পনা বিষয়ে সরকারকে সহায়তা ও পরামর্শ প্রদান;
 - (ঘ) পরিষদের নিকট পরামর্শের জন্য উপস্থাপিত যে কোনো বিষয়ে গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিক সংগঠনগুলির সঙ্গে পরামর্শদ্রব্যমে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান; এবং
 - (ঙ) বিদ্যমান সম্পদের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহার দ্বারা কিভাবে গার্মেন্টস শিল্প সেক্টরে উৎপাদন বৃদ্ধি করা যায় সে সম্বন্ধে সরকারকে পরামর্শ প্রদান।
- ০৩। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর এম জি-টিসিসি) সাধারণত বৎসরে ন্যূনতম তিনবার সভায় মিলিত হইবে। তবে, সভাপতি প্রয়োজনবোধ করিলে যে কোনো সময় সভা আহবান করিতে পারিবেন।
- ০৪। সভাপতির অনুমোদনক্রমে সদস্য-সচিব সভার নোটিশ জারি করিবেন।
- ০৫। গার্মেন্টস শিল্প সেক্টর বিষয়ে অভিজ্ঞ ও ওয়াকিবহাল এমন যে কোনো জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ের ব্যক্তিকে পর্যবেক্ষক হিসেবে সভায় উপস্থিত হওয়া এবং আলোচনায় অংশগ্রহণ করিবার জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে।
- ০৬। কমিটি প্রয়োজনে যে কোনো সময় ত্রিপক্ষীয়তার ভিত্তিতে কাউন্সিলে নতুন সদস্য অন্তর্ভুক্ত করিতে পারিবে।

-
- ০৭। সরকার কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আর এম জি-টিসিসি) বহাল থাকিবে।
- ০৮। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য এই মন্ত্রণালয়ের শ্রম শাখা সাচিবিক সহায়তা প্রদান করিবে।
- ০৯। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ আব্দুল কাদের
উপসচিব (শ্রম)।